Wagner Middle School, MS 167
220 East 76th Street
New York, NY 10021
Phone: 212-535-8610
fax: 212-472-9385
www.wagner167.org

Jennifer Rehn Losquadro, Principal
Courtney Delaney, Assistant Principal
Lindsay Oakes, Assistant Principal
Lisa Stefanick, Assistant Principal

ওয়াগনার মিডল স্কুল
গ্রেডিংয়ের নীতি
2017 - 2018

ওয়াগনার মিডল স্কুলে আমাদের গ্রেডিংয়ের নীতি আমাদের স্কুলের যে উদ্দেশ্য, আমাদের শিক্ষার্থীদের সূক্ষ্ম চিন্তক, স্বাধীন, এবং ওয়াগানার-উত্তর জীবনে দায়িত্বশীল হওয়ায় প্রস্তুত করে তোলা তার সঙ্গে সঙ্গতিবিধান করে।

আমরা বিশ্বাস করি যে গ্রেড দেওয়ার উদ্দেশ্য হচ্ছে নির্দিষ্ট একটি সময়ে শিক্ষার্থী কোনও একটি বিষয় কতটা বুঝেছে ও দক্ষতা অর্জন করেছে তার পরিমাপ করা। শিক্ষার্থীদের প্রত্যেক কোর্সে নানা ধরনের কর্মসম্পাদনা পরিমাপের মাধ্যমে দক্ষতা প্রমাণের সুযোগ দেওয়া হয়।

গ্রেডে প্রতিটি বিষয়ে ক্লাসের কাজ, হোমওয়ার্ক, কাঠামোবদ্ধ মূল্যায়ন, সমন্বিত মূল্যায়নের পাশাপাশি শিক্ষার্থীর কাজের অভ্যাসও প্রতিফলিত হয়।

গ্রেডের সময়রেখ

ওয়াগনার মিডল স্কুল বছরে তিনবার রিপোর্ট কার্ড প্রকাশ করে, যেখানে শেষ রিপোর্ট কার্ডে চূড়ান্ত গ্রেড দেওয়া হয়। ওয়াগনার বছরে তিনবার অন্তর্বর্তী রিপোর্টও প্রকাশ করে। প্রত্যেক বছরের শেষে, চূড়ান্ত গ্রেড শিক্ষার্থীর মিডল স্কুল ট্রান্সক্রিপ্টে উল্লেখ করা হয় এবং ওই নির্দিষ্ট কোর্সের জন্য রেকর্ডে স্থায়ী গ্রেড হয়ে যায়।

গ্রেডের মাত্রা

প্রত্যেক ট্রাইমেস্টারে পুঞ্জিভূত চূড়ান্ত গ্রেডের পরিসর 60-100। 65 বা তার চেয়ে বেশি নম্বর হলো পাশের গ্রেড।

কাজের অভ্যাস

প্রত্যেক গ্রেডিংয়ের নীতির মধ্যে আছে কাজের অভ্যাস যা প্রতি ট্রাইমেস্টারে শিক্ষার্থীর গ্রেডের 5%। শিক্ষার্থীদের স্কুলব্যাপী ছক ব্যবহার করে প্রত্যেক কোর্সে মূল্যায়ন করা হবে।

দেরিতে জমা দেওয়া অ্যাসাইনমেন্ট

প্রত্যেক কোর্সে নির্ধারিত জমা দেওয়ার তারিখ থেকে সর্বোচ্চ এক সপ্তাহ দেরিতে অ্যাসাইনমেন্ট গ্রহণ করা হবে। তবে সেজন্য কাজের কাজের অভ্যাস বিভাগে জরিমানা করা হবে। এক সপ্তাহ পর, গুরুত্বপূর্ণ অ্যাসাইনমেন্টসহ দেরিতে জমা দেওয়া অ্যাসাইনমেন্ট ও হোমওয়ার্ক ক্রেডিটের জন্য গ্রহণ করা হবে না। গুরুত্বপূর্ণ অ্যাসাইনমেন্টের (প্রজেক্ট, সমন্বিত মূল্যায়ন, কাঠামোবদ্ধ মূল্যায়ন) ক্ষেত্রে শিক্ষার্থীরা যদি দেরিতে অ্যাসাইনমেন্ট জমা দেয়, শিক্ষকরা পিতামাতাদের সাথে যোগাযোগ করবেন।

প্রমাণিত, বৈধ কারণে যেসব শিক্ষার্থীী ক্লাসে অনুপস্থিত থাকে তাদেরকে অনুপস্থিতিকালীন অ্যাসাইনমেন্টের জন্য সমপরিমাণ দিন দেওয়া হবে। শিক্ষার্থীর অনুপস্থিতির দিনে অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার কথা থাকলে তা পরদিন জমা দিতে হবে। মঞ্জুরকৃত অনুপস্থিতিসহ যেকোন জমা না দেওয়া কাজের ক্ষেত্রে শিক্ষার্থীদের দায়িত্ব ঘাটতি পূরণের সুযোগের জন্য শিক্ষককে বলা।

অন্যান্য স্কুলব্যাপী গ্রেডিং প্রত্যাশা

সব কোর্সে, কোনও বাড়তি ক্রেডিটের প্রত্যাশা থাকবে না।

রিভিশনের (সংশোধন অথবা আবার দেওয়া) সুযোগ দেওয়া হবে কেবল কাঠামোবদ্ধ মূল্যায়নের ক্ষেত্রে যার ব্যাপারে বিষয়গত ডিপার্টমেন্ট আগেই সিদ্ধান্ত নিয়ে রেখেছে। মূল্যায়ন ফেরত দেওয়ার পর নিজ চেষ্টায় রিভিশন সম্পন্ন করার জন্য শিক্ষার্থীরা এক সপ্তাহ সময় পাবে। রিভিশনগুলো শিক্ষকের কাছে জমা দেওয়ার পর, কাঠামোবদ্ধ মূল্যায়নের সংশোধিত গ্রেড পিউপলপ্যাথে লিপিবদ্ধ করা হবে। কাঠামোবদ্ধ মূল্যায়নের লক্ষ্য হচ্ছে শিক্ষার্থীর মান অর্জনের চূড়ান্ত প্রমাণ দেওয়া যা পুনর্গ্রহণ ও পরিমার্জনকে অপ্রাসঙ্গিক করে তোলে।

কোনও অ্যাকডেমিক অসাধুতা, যেমন নকল, অন্য কাউকে দিয়ে আপনার লেখা সম্পন্ন করা, অন্য শিক্ষার্থী লেখা কপি করার জন্য শাস্তিবিধানে গ্রেড-স্তরের অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যালের কাছে সুপারিশ করা হবে যার মধ্যে অ্যাসাইনমেন্টটির জন্য কোনও ক্রেডিট না পাওয়া থাকতে পারে।

শিক্ষার্থী অগ্রগতি নিয়ে আলোচনার সুযোগ

প্যারেন্ট-টিচার কনফারেন্স বছরে কমপক্ষে দুইবার অনুষ্ঠিত হবে। শিক্ষার্থীর অগ্রগতি নিয়ে আলোচনার জন্য নির্ধারিত কনফার্নেস সূচির বাইরে শিক্ষক, কাউন্সেলর, এবং পরিচালকদের সাথে ইমেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া, পরিবারবর্গ মঙ্গলবার দুপুর 2:40 থেকে কর্মীদের সাথে দেখা করার জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন। দয়া করে অনুরোধের জবাব দেওয়ার জন্য স্কুল কর্মীদের 48 ঘণ্টা দেবেন।

বিষয়গত ডিপার্টমেন্ট গ্রেডিং নীতি

ELA গ্রেডিং নীতি		
শ্রেণি	**শতাংশ**	**বর্ণনা**
হোমওয়ার্ক	10%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 10 হোমওয়ার্ক গ্রেড থাকবে। এসব গ্রেডের আওতায় থাকতে পারে পাঠক ও লেখকের নোটবুক এন্ট্রি, তাৎক্ষণিকভাবে রিডিং লগ চেক, এবং প্রতিক্রিয়া। হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট সম্পন্ন করা এবং/অথবা নির্ভুলতার জন্য মূল্যায়ন করা হতে পারে।
ক্লাসওয়ার্ক	25%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 10 ক্লাসওয়ার্ক গ্রেড থাকবে। এসব গ্রেডের আওতায় থাকতে পারে পাঠক ও লেখকের নোটবুক এন্ট্রি, আলোচনা, ও লেখার প্রক্রিয়া।
গঠনমূলক মূল্যায়ন	25%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 10 গ্রেড থাকবে। এসব গ্রেডের আওতায় থাকতে পারে পাঠক ও লেখকের নোটবুক, কনফানেস, রিডিং লগ, বুক রিভিউ, এক্সিট টিকিট এবং প্রজেক্ট প্রতিক্রিয়া।
চূড়ান্ত মূল্যায়ন:	35%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 4 গ্রেড থাকবে। এসব গ্রেডের আওতায় থাকতে পারে প্রকাশিত লেখা, পাঠ ও লেখকের নোটবুক, লেখার প্রক্রিয়া, কনফারেন্স এবং প্রজেক্ট।
কাজের অভ্যাস	5%	স্কুলব্যাপী রুবরিক গ্রেড নির্ধারণ করবে।

ELA গ্রেডিং নীতি		
শ্রেণি	**শতাংশ**	**বর্ণনা**
হোমওয়ার্ক	10%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 10 হোমওয়ার্ক গ্রেড থাকবে। হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট সম্পন্ন করা এবং নির্ভুলতা উভয়ের জন্য মূল্যায়ন করা হতে পারে।
ক্লাসওয়ার্ক/সক্রিয় সংশ্লিষ্টতা	10%	প্রতি ট্রাইমেস্টারে ক্লাসওয়ার্কে কমপক্ষে 8 গ্রেড থাকবে। এসব গ্রেড রুবরিকের আওতায় আসবে নাউ, এক্সিট টিকিট, ওয়ার্কশিট, বাইন্ডার/নোটবুক চেক, ছোট গ্রুপ ওয়ার্ক। সক্রিয় সংশ্লিষ্টতার গ্রেডগুলো শিক্ষার্থী স্ব-মূল্যায়ন টুল ও শিক্ষকের মূল্যায়ন রুবরিক ব্যবহার করে ট্রাইমেস্টারে দুইব মূল্যায়ন করা হবে।
কাঠামোবদ্ধ ও সমন্বিত মূল্যায়ন	40%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 5 গ্রেড থাকবে। কাঠামোবদ্ধ (কুইজ) ও সমন্বিত (মধ্য-ইউনিট ও মূল্যায়ন-উত্তর) উভয়ই এসব গ্রেডের মধ্যে থাকবে।
কাজ	35%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 4 গ্রেড থাকবে। গ্রেডের আওতায় পড়বে এ মাসের সমস্যা, কাজ, পোর্টফোলিওর অংশ এবং প্রজেক্ট।
কাজের অভ্যাস	5%	স্কুলব্যাপী রুবরিক গ্রেড নির্ধারণ করবে।

সোশ্যাল স্টাডিজ গ্রেড		
শ্রেণি	**শতাংশ**	**বর্ণনা**
হোমওয়ার্ক	15%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 10 হোমওয়ার্ক গ্রেড থাকবে। হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট সম্পন্ন করা এবং/অথবা নির্ভুলতার জন্য মূল্যায়ন করা হতে পারে।
গঠনমূলক মূল্যায়ন	40%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 12 গ্রেড থাকবে। গ্রেডের আওতায় পড়বে কর্মসম্পাদনা মূল্যায়ন, কুইজ, প্রজেক্ট,এবং ক্লাসওয়ার্ক অ্যাসাইনমেন্ট।
সমন্বিত মূল্যায়ন	40%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 3 গ্রেড থাকবে। টেস্ট, প্রজেক্ট, ইউনিটের কাজ, এবং কর্মসম্পাদনা মূল্যায়ন এসব গ্রেডের অন্তর্ভুক্ত হবে।
কাজের অভ্যাস	5%	স্কুলব্যাপী রুবরিক গ্রেড নির্ধারণ করবে।

সায়েন্স গ্রেডিং নীতি		
শ্রেণি	**শতাংশ**	**বর্ণনা**
হোমওয়ার্ক	10%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 10 হোমওয়ার্ক গ্রেড থাকবে। হোমওয়ার্ক অ্যাসাইনমেন্ট সম্পন্ন করা এবং/অথবা নির্ভুলতার জন্য মূল্যায়ন করা হতে পারে।
ক্লাসওয়ার্ক	15%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 3 ক্লাসওয়ার্ক গ্রেড থাকবে। এসব গ্রেডের অন্তর্ভুক্ত হতে পারে বাইন্ডার/নোটবুক চেক, ল্যাব অ্যাকটিভিটি/গ্রুপ ওয়ার্ক, আলোজনা, ডু নাও এবং এক্সিট/এনট্রেন্স স্লিপ

গঠনমূলক মূল্যায়ন	25%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 3 গ্রেড থাকবে। এসব গ্রেডের অন্তর্ভুক্ত হতে পারে কুইজ, এক্সিট/এনট্রেন্স স্লিপ, এবং প্রজেক্ট।
সমন্বিত মূল্যায়ন	45%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 3 গ্রেড থাকবে। এসব গ্রেডের অন্তর্ভুক্ত হতে পারে মূল্যায়ন ও প্রজেক্ট।
কাজের অভ্যাস	5%	স্কুলব্যাপী রুবরিক গ্রেড নির্ধারণ করবে।

বিদেশি ভাষার গ্রেডিং নীতি		
শ্রেণি	**শতাংশ**	**বর্ণনা**
হোমওয়ার্ক	10%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 10 হোমওয়ার্ক গ্রেড থাকবে। এসব গ্রেড দৈনিক হোমওয়ার্ক ওয়ার্কশিট, লেখার অ্যাসাইনমেন্ট, এবং মিডিয়া-সম্পর্কিত অ্যাসাইমেন্ট। এগুলো সম্পন্ন করা এবং নির্ভুলতার জন্য মূল্যায়ন করা হবে।
ক্লাসওয়ার্ক	25%	এগুলোর মধ্যে থাকবে "ডু নাও" অ্যাসাইনমেন্ট, এবং ক্লাসে সক্রিয় অংশগ্রহণ (স্পানিশ বলা, স্বেচ্ছাশ্রম দেওয়া, কাজের সহযোগী হওয়া)।
কাঠামোবদ্ধ ও সমন্বিত মূল্যায়ন	40%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 3 গ্রেড থাকবে। মূল্যায়নের অন্তর্ভুক্ত হতে পারে কুইজ, টেস্ট, লেখার অ্যাসাইনমেন্ট, কথা বলার অ্যঅসাইনমেন্ট এবং নোটবুক গ্রেড। 7ম ও 8ম গ্রেডের শেষে স্পানিশে দক্ষতার পরীক্ষা হবে। দক্ষতার পরীক্ষা জুনে গ্রহণ করা হবে। 8ম গ্রেডের শিক্ষার্থীদের জন্য এই পরীক্ষার ফল হাই স্কুলে জানানো এবং শিক্ষার্থীর আনুষ্ঠানিক ট্রান্সক্রিপ্টে অন্তর্ভুক্ত হবে।
প্রকল্প	20%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 1টি প্রজেক্ট থাকবে। প্রজেক্টের ইউনিটে শেখা বিষয়বস্তু ভিত্তি হবে।
কাজের অভ্যাস	5%	স্কুলব্যাপী রুবরিক গ্রেড নির্ধারণ করবে।

ভিজ্যুয়াল আর্টস্ গ্রেডিংয়ের নীতি		
শ্রেণি	**শতাংশ**	**বর্ণনা**
ক্লাসওয়ার্ক	40%	কাজে সক্রিয় সংশ্লিষ্টতা
আর্টওয়ার্ক	40%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 1 গ্রেড: শিল্পকর্মের ধারণায় ও দৃষ্টিগোচর নকশায় মৌলিকত্ব (ভারসাম্য, রং, গঠন, ও পরিসর), শিল্পকর্মে ক্লাসরুমের ধারণা প্রয়োগ, শিল্পকর্মের কারুকৃতি (পরিকল্পনা, প্রচেষ্টা, কলাকৌশল, নির্ভুলতা, পরিষ্কারপরিচ্ছন্নতা ও উপস্থাপন) এবং ক্লাস/ক্রিটিক অংশগ্রহণ।
শিল্পকলা নিয়ে লেখা	15%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 1 গ্রেড: লিখিত শিল্পালোচনা ও লিখিত প্রজেক্ট আলোচনা
কাজের অভ্যাস	5%	স্কুলব্যাপী রুবরিক গ্রেড নির্ধারণ করবে।

মিউজিক গ্রেডিংয়ের নীতি		
শ্রেণি	**শতাংশ**	**বর্ণনা**
অনসেম্বল দক্ষতা	50%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে ৪ গ্রেড থাকবে। প্রতি সপ্তাহে গ্রেড দেওয়া হবে।
বাজনা পরীক্ষা ও কর্মসম্পাদনা	35%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 1 গ্রেড থাকবে।
লিখিত পরীক্ষা	10%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 1 গ্রেড থাকবে।
কাজের অভ্যাস	5%	স্কুলব্যাপী রুবরিক গ্রেড নির্ধারণ করবে।

থিয়েটার আর্টস গ্রেডিংয়ের নীতি		
শ্রেণি	**শতাংশ**	**বর্ণনা**
হোমওয়ার্ক ও জার্নাল আলোচনা	25%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 2 অ্যাসাইনমেন্ট থাকবে।
ক্লাসওয়ার্ক	30%	ট্রাইমেস্টারে সপ্তাহ সংখ্যার ভিত্তিতে ক্লাসে অংশগ্রহণের জন্য 5 গ্রেড।
চূড়ান্ত কর্মসম্পাদনা, প্রজেক্ট ও মূল্যায়ন	40%	ট্রাইমেস্টারে চূড়ান্ত কর্মসম্পাদনা ও ইউনিটের ভিত্তিতে এই শ্রেণিতে কমপক্ষে ২ গ্রেড থাকবে।
কাজের অভ্যাস	5%	স্কুলব্যাপী রুবরিক গ্রেড নির্ধারণ করবে।

শরীরচর্চা শিক্ষায় গ্রেডিংয়ের নীতি		
শ্রেণি	**শতাংশ**	**বর্ণনা**
লিখিত মূল্যায়ন	25%	ইউনিট সমাপনী পরীক্ষার ভিত্তিতে, প্রতি সেমেস্টারে দুটি
দক্ষতা	70%	ক্ষুদ্র পেশি নিয়ন্ত্রণ, শরীর চর্চা শিক্ষায় দক্ষতা এবং অন্যদের সাথে কাজ করার সামর্থ্যের মূল্যায়ন
কাজের অভ্যাস	5%	স্কুলব্যাপী রুবরিক গ্রেড নির্ধারণ করবে।

প্রযুক্তি গ্রেডিংয়ের নীতি		
শ্রেণি	**শতাংশ**	**বর্ণনা**
পরীক্ষা	10%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 2 গ্রেড থাকবে। এসব গ্রেডের অন্তর্ভুক্ত হতে পারে কাঠামোবদ্ধ ও সমন্বিত মূল্যায়ন।
ক্লাসওয়ার্ক	40%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 3 গ্রেড থাকবে। রুবরিক ব্যবহার করে এসব গ্রেড নিরূপিত হবে।
প্রকল্প	45%	প্রতি ট্রাইমেস্টারে কমপক্ষে 2 গ্রেড থাকবে।
কাজের অভ্যাস	5%	স্কুলব্যাপী রুবরিক গ্রেড নির্ধারণ করবে।